# ডাক সংবাদ

ডিসেম্বর, 2025



भारतीय डाक
डाक सेवा-जन सेवा

India Post
Dak Sewa-Jan Sewa

মার্কেটিং বিভাগ দ্বারা ডিজাইন এবং সংকলিত

# যাত্রাপথ


পৃষ্ঠা নং

1 মাননীয় মন্ত্রীর বার্তা

2
- শিশুদের ক্ষমতায়ন: ২০,০০০ সুকন্যা সমৃদ্ধি যোজনা অ্যাকাউন্ট খোলা হল
- ১৩তম ডাক পরিষেবা কর্মী কল্যাণ বোর্ডের সভা

3 ভারতীয় ডাকের জন্য এক নতুন যুগের সূচনা

4
- ভারত ও ফিলিপিন্স: আস্থার অঙ্গীকার
- ভারত এশিয়া-প্যাসিফিক পোস্টাল ইউনিয়নের মহাসচিব পদের জন্য তার প্রার্থীকে তুলে ধরল

5 জেন-জি উপযোগী ডাকঘর

6
- বন্দে মাতরম-এর ১৫০ বছর
- নেশা মুক্ত ভারত অভিযান
- সংবিধানকে সম্মান জ্ঞাপন

পৃষ্ঠা নং

7
- আইএমএস কর্মশালা: ডাক বীমার আধুনিকীকরণ
- আইএফএফআই ২০২৫-এ স্ট্যাম্পের মাধ্যমে ভারতীয় চলচ্চিত্রের উদযাপন

8 দরজায় ডিজিটাল লাইফ সার্টিফিকেট পরিষেবার জন্য আইপিপিবি এবং ইপিপিএফও-এর মধ্যে মউ স্বাক্ষরিত

9
- স্বাস্থ্যসেবা শক্তিশালীকরণ: ভারতীয় ডাক এনএইচএম ঝাড়খণ্ডের সাথে মউ স্বাক্ষর করেছে
- প্রতিটি শিশুর জন্য একটি অন্তর্ভুক্তিমূলক ও সংযুক্ত ভবিষ্যতের দিকে

10 স্বচ্ছতা পক্ষ

11 ডাক নায়করা

12 বিশেষ বৈশিষ্ট্য

13 ফিলাটেলি কর্নার: স্ট্যাম্প এবং গল্প

21 মূল আকর্ষণ

# মাননীয় মন্ত্রীর বার্তা

সংচার মংত্রালয
MINISTRY OF
**COMMUNICATIONS**



## যোগাযোগ মন্ত্রীর বার্তা

নভেম্বর মাস ছিল ভারতীয় ডাকের জন্য নতুন উদ্যম ও অগ্রগতির। ভারতীয় ডাক এমন একটি প্রতিষ্ঠান যা প্রতিদিন লক্ষ লক্ষ মানুষের জীবন স্পর্শ করে চলেছে। 'বিকশিত ভারত'-এর পথে ভারতীয় ডাক অবস্থান করছে দেশের যোগাযোগ এবং লজিস্টিক নেটওয়ার্কের কেন্দ্রবিন্দুতে এবং নিশ্চিত করছে যে প্রয়োজনীয় পরিষেবাগুলি যেন প্রতিটি নাগরিকের কাছে পৌঁছায়। ভারতীয় ডাক বিভাগ জুড়ে যে রূপান্তর ঘটে চলছে তা দক্ষতা, মর্যাদা এবং বিশ্বাসের সাথে বিশ্বমানের পরিষেবা প্রদানের প্রতি আমাদের প্রতিশ্রুতিকে প্রতিনিয়ত প্রতিফলিত করে চলেছে।

এই মাসে, আমাদের সম্মিলিত প্রচেষ্টায় 'স্পেশাল ক্যাম্পেইন ৫.০'-এর অধীনে সফল। ১.৩০ লক্ষেরও বেশি স্থানে হাজার হাজার পরিচ্ছন্নতা ও দক্ষতা অভিযান পরিচালিত হয়েছে, জনসাধারণের অভিযোগগুলির দ্রুত সমাধান করা হয়েছে এবং উল্লেখযোগ্য প্রশাসনিক সংস্কার করা হয়েছে। এই উন্নতিগুলি কেবল পদ্ধতিগত নয়, কারণ এগুলি সরাসরি নাগরিক কেন্দ্রিক পরিষেবাকে সরাসরি উন্নত করে এবং প্রতিষ্ঠানের প্রতিক্রিয়াকে শক্তিশালী করে। ১৭,০০০-এরও বেশি পুরোনো ও অচল ফাইল বাতিল করা, ২৩,২৮৭ বর্গফুট পাবলিক স্পেস মুক্ত করা এবং স্ক্র্যাপ বা বর্জ্য নিষ্কাশনের মাধ্যমে অর্জিত রাজস্ব—সবই স্বচ্ছ এবং জবাবদিহিমূলক প্রশাসনের প্রতি আমাদের চালিত করেছে।

ডিজিটাল লাইফ সার্টিফিকেট প্রচারভিযানের মাধ্যমে প্রবীণ নাগরিকদের প্রতি আমাদের কর্তব্য ও যোগাযোগের মাধ্যমও সমানভাবে অর্থবহ হয়ে উঠেছে। ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্কের মাধ্যমে পেনশনগ্রাহকদের দোরগোড়ায় 'জীবন প্রমাণ' (Jeevan Pramaan) পরিষেবা পৌঁছে দেওয়ার মাধ্যমে, আমরা জনসাধারণের মধ্যে প্রশাসনের সহজলভ্যতা, অন্তর্ভুক্তিমুলক এবং সহানুভূতিশীল ভাবমূর্তির দীর্ঘবিশ্বাসকে পুনঃপ্রতিষ্ঠিত করেছি। ২.২৫ লক্ষেরও বেশি ডিজিটাল লাইফ সার্টিফিকেট প্রাপ্ত পেনশনভোগী মানুষ আজ ডাক বিভাগের কর্মীবাহিনীর "ডাক সেবা, জন সেবা"-র চেতনাকে কুর্নিশ জানিয়ে সারা দেশের নাগরিকের আমাদের প্রতি আস্থার সাক্ষ্য বহন করছে।

এই মাসের একটি প্রধান আকর্ষণ ছিল তরুণ ভারতের সাথে আমাদের সংযোগ। আধুনিক, ডিজিটাল-ফার্স্ট এবং জেন-জি (GenZ) জেনারেশনের-এর আকাঙ্ক্ষার কথা মাথায় রেখে আইআইটি দিল্লি (IIT Delhi) এবং দিল্লি ইউনিভার্সিটি নর্থ ক্যাম্পাসের (Delhi University North Campus) নতুন করে সাজানো হয়েছে যা বর্তমানে একটি নতুন যুগের প্রতীক হয়ে উঠেছে,। এই আধুনিক পোস্ট অফিসগুলি একটি বৃহত্তর দেশব্যাপী প্রচেষ্টার সূচনা করছে, যার মাধ্যমে সারা দেশের ক্যাম্পাস-ভিত্তিক পরিষেবা কেন্দ্রগুলিকে নতুন করে সাজানো হবে। এর ফলে ছাত্রছাত্রীরা ভারতীয় ডাককে একটি সমসাময়িক এবং প্রযুক্তি-নির্ভর পরিষেবা প্রদানকারী হিসেবে অনুভব করবে।

আমরা 'ডাক সেবা অ্যাপ' (Dak Sewa App) চালু করার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ডিজিটাল পদক্ষেপও নিয়েছি। এটি একটি ইউনিফায়েড প্ল্যাটফর্ম যা নাগরিকদের হাতের মুঠোয় ডাক পরিষেবার একটি বিশাল সম্ভার নিয়ে এসেছে। এই উদ্যোগটি সহজলভ্য, ডিজিটাল ক্ষমতায়ন এবং সকলের জন্য একটি নিরবচ্ছিন্ন পরিষেবার অভিজ্ঞতার প্রতি আমাদের প্রতিশ্রুতি প্রতিফলিত করছে। দেশ যখন অভূতপূর্ব মাত্রায় ডিজিটাল মাধ্যমকে গ্রহণ করছে, তখন ভারতীয় ডাকের মতো প্রতিষ্ঠান উদ্ভাবন এবং অন্তর্ভুক্তিতে নেতৃত্ব দিতে দৃঢ় প্রতিজ্ঞ।

পরিষেবা প্রদানের বাইরেও, এই বিভাগ তার যোগাযোগ এবং জনসংযোগের কাঠামোকে শক্তিশালী করেছে যাতে নাগরিকরা সঠিক তথ্য জানতে পারে, যুক্ত থাকতে পারে এবং ক্ষমতায়িত হতে পারে। সমগ্র সরকারি প্রচার অভিযান (whole-of-government campaigns) পরিচালনার জন্য, সাইবার নিরাপত্তা সম্পর্কে সচেতনতা বাড়াতে, সাংস্কৃতিক উদ্যোগকে উৎসাহিত করতে এবং সরকারি প্রকল্পগুলিকে সরাসরি মানুষের কাছে পৌঁছে দিতে ইন্ডিয়া পোস্ট — DoT, DoNER, গ্রামোন্নয়ন মন্ত্রক, সংস্কৃতি মন্ত্রক এবং I4C-এর সাথে নিবিড় সমন্বয়ে কাজ করছে। আমাদের নতুন করে সাজানো যোগাযোগ কৌশল এবং এসওপি (SOP) নিশ্চিত করে যে আমাদের বার্তা বহুভাষিক হবে, জন-কেন্দ্রিক হবে এবং রিয়েল-টাইম প্রতিক্রিয়ার (feedback) উপর ভিত্তি করে তৈরি হবে। একই সাথে, পিআইবি (PIB), মাইগভ (MyGov) এবং মেইটি (MeitY)-এর সাথে আমাদের সহযোগিতা বিভ্রান্তিকর তথ্য মোকাবিলা এবং ডিজিটাল দৃশ্যমানতা বৃদ্ধি করার ক্ষমতাকে জোরদার করে। এই রূপান্তরকারী শক্তি আরও বেশি করে বৃদ্ধি পাচ্ছে ১.৬৫ লক্ষ পোস্ট অফিস ও প্রশাসনিক ইউনিটে দেশব্যাপী অ্যাডভান্সড পোস্টাল টেকনোলজি (APT) ২.০ চালু করার মাধ্যমে। ডেটা অ্যানালিটিক্স স্তরগুলি এর সাথে যুক্ত হওয়ার কারণে, এপিটি ২.০ শুধুমাত্র অপারেশনাল দক্ষতা বৃদ্ধি করবে না, বরং নাগরিক সংযোগ এবং ডিজিটাল পরিষেবা প্রদানের জন্য নতুন পথও খুলে দেবে।

এই মাসে হওয়া অগ্রগতি নিয়ে যখন আমরা চিন্তা করি, তখন সবচেয়ে বেশি চোখে পড়ে জনগণের ভারতীয় ডাকের প্রতি থাকা অবিচল আস্থা। প্রতিটি বিতরণ করা চিঠি, প্রত্যেক পেনশনভোগীকে পরিষেবা প্রদান, প্রতিটি পার্সেল ডেলিভারি এবং প্রতিটি ডিজিটাল পরিষেবা ব্যবহারের মাধ্যমে নাগরিক এবং এই ঐতিহাসিক প্রতিষ্ঠানের মধ্যেকার বন্ধন আরও দৃঢ় হচ্ছে। আমাদের কাছে ভারতীয় ডাক সংযোগ, নির্ভরযোগ্যতা এবং জাতীয় ঐক্যের প্রতীক। আমরা যেমন অগ্রগতি করছি, তেমনি আমরা জনগণের প্রত্যাশা পূরণ করতে, উদ্ভাবনকে গ্রহণ করতে এবং শ্রেষ্ঠত্বের সাথে পরিষেবা প্রদান করতে অঙ্গীকারবদ্ধ। আপনাদের ধারাবাহিক সমর্থনে বিগত ১৭০ বছরেরও বেশি সময় ধরে চলে আসা ভারতীয় ডাক একই উদ্দীপনা নিয়ে বিকশিত হতে থাকবে, আধুনিক হতে থাকবে এবং পরিষেবা দিতে থাকবে।

জয় হিন্দ!

আপনার আন্তরিক,

**জ্যোতিরাদিত্য এম. সিন্ধিয়া**

যোগাযোগ মন্ত্রী, ভারত সরকার



# শিশুদের ক্ষমতায়ন: ২০,০০০ সুকন্যা সমৃদ্ধি যোজনা অ্যাকাউন্ট খোলা হলো

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী অন্ধ্রপ্রদেশের পুট্টাপর্থিতে একটি গুরুত্বপূর্ণ আর্থিক অন্তর্ভুক্তিকরণ কর্মসূচির সূচনা করলেন, যেখানে ২০,০০০-এরও বেশি সুকন্যা সমৃদ্ধি অ্যাকাউন্ট ছোট মেয়েদের জন্য খোলা হয়েছে। এই বৃহৎ আকারের প্রচেষ্টার একটি প্রতীকী ও অনুপ্রেরণামূলক সূচনা হিসেবে প্রধানমন্ত্রী তিনজন সুবিধাভোগীর হাতে ভারতীয় ডাকের পাসবুক তুলে দেন।

এই উদ্যোগটি শ্রী সত্য সাই বাবার জন্ম শতবার্ষিকী উদযাপনের অঙ্গ হিসেবে নেওয়া হয়েছিল, যা অনুষ্ঠানটিকে একটি বিশেষ তাৎপর্য দিয়েছে। এই অভিযানটি কন্যা সন্তানের ক্ষমতায়ন এবং ইন্ডিয়া পোস্টের নির্ভরযোগ্য নেটওয়ার্কের মাধ্যমে তাদের আর্থিক সুরক্ষা মজবুত করার জন্য সরকারের প্রতিশ্রুতিরই প্রতিফলন।



# ১৩তম ডাক পরিষেবা কর্মী কল্যাণ বোর্ডের সভা

মাননীয় কেন্দ্রীয় যোগাযোগ ও উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী, শ্রী জ্যোতিরাদিত্য এম. সিন্ধিয়া ১৩তম ডাক পরিষেবা কর্মী কল্যাণ বোর্ডের সভায় সভাপতিত্ব করেন। এই সভায় বোর্ডের সদস্যরা ডাক কর্মীদের জন্য কল্যাণমূলক ব্যবস্থাগুলিকে আরও উন্নত করার জন্য বেশ কিছু মূল্যবান পরামর্শ দেন।

সভায়, মন্ত্রী এই প্রস্তাব রাখেন যে গ্রামীণ ডাক সেবকদের (GDS) দ্বারা সম্মুখীন হওয়া সমস্যাগুলি এবং তাঁদের অভিজ্ঞতাগুলি পদ্ধতিগতভাবে নথিবদ্ধ করা উচিত। এর উদ্দেশ্য হলো ডাক পরিষেবাগুলিকে আরও কার্যকরী, নির্বিঘ্ন এবং জন-কেন্দ্রিক করে তোলা।

এই পদ্ধতির মাধ্যমে, ভারতীয় ডাক শুধুমাত্র একটি পরিষেবা প্রদানকারী হিসাবে নয়, বরং এমন একটি মডেল সংস্থা হিসেবে গড়ে উঠতে চায়, যা তার কর্মীদের সত্যিই মূল্য দেয় এবং তাদের ক্ষমতায়ন করে।



# ভারতীয় ডাকের জন্য এক নতুন যুগের সূচনা

মাননীয় কেন্দ্রীয় যোগাযোগ ও গ্রামীণ উন্নয়ন প্রতিমন্ত্রী, ডঃ চন্দ্র শেখর পেম্মাসানি, ভারতীয় ডাকের আধিকারিকদের সাথে একটি ফলপ্রসূ বৈঠক করেছেন। বৈঠকের মূল লক্ষ্য ছিল ডিজিটাল সরঞ্জামগুলির উন্নতি করা এবং একটি আরও ব্যবহারকারী-বান্ধব পারফরম্যান্স ড্যাশবোর্ড তৈরি করা। পরিকল্পনাটি হল একাধিক সূচককে একত্রিত করে কয়েকটি স্পষ্ট, ব্যবহার-সহজ পরিমাপে নিয়ে আসা, যাতে তথ্য বোঝা সহজ হয় এবং ডেটা-নির্ভর সিদ্ধান্তগুলি দ্রুত নেওয়া যায়।

এই বৈঠকে পরিষেবা প্রদানের পারফরম্যান্স, অভিযোগ নিষ্পত্তির প্রক্রিয়া এবং পর্যবেক্ষণ ব্যবস্থাগুলিও পর্যালোচনা করা হয়। এই উন্নতিগুলির উদ্দেশ্য হল ডাক বিভাগের বিভিন্ন দলগুলিকে আরও বুদ্ধিমত্ত্বার সাথে কাজ করার এবং নাগরিকদের আরও দক্ষতার সাথে পরিষেবা দেওয়ার ক্ষমতা দেওয়া—যার ফলে দ্রুত পরিষেবা, দ্রুততর সমস্যার সমাধান এবং বৃহত্তর স্বচ্ছতা নিশ্চিত হবে।



ডঃ চন্দ্র শেখর পেম্মাসানি ভারতীয় ডাকে রাজস্ব ক্ষতি রোধের ব্যবস্থাগুলির উপর মনোযোগ দিয়ে আরেকটি সভার পর্যালোচনা করেন। তিনি প্রযুক্তি, ডেটা অ্যানালিটিক্স এবং প্রক্রিয়া সংস্কার ব্যবহার করে ভবিষ্যদ্বাণীমূলক ও প্রতিরোধমূলক পর্যবেক্ষণ ব্যবস্থার প্রয়োজনীয়তার ওপর জোর দেন। এই ব্যবস্থাগুলি রিয়েল-টাইম পর্যবেক্ষণ, জালিয়াতি শনাক্তকরণ এবং নির্বিঘ্ন যাচাইকরণ নিশ্চিত করবে, যাতে জনগণের প্রতিটি টাকা সুরক্ষিত থাকে। এটি ডিজিটাল সরঞ্জামগুলির উন্নতি এবং ডাক বিভাগের বিভিন্ন দলগুলিকে ক্ষমতায়নের প্রচেষ্টা দ্রুত, আরও স্বচ্ছ পরিষেবার জন্য একটি বিশেষ পদক্ষেপ।



# ভারত ও ফিলিপিন্স: আস্থার অঙ্গীকার

ফিলিপিন্সের রাষ্ট্রদূত জোসেল এফ. ইগনাসিও সচিব (ডাক) শ্রীমতী বন্দিতা কাউল এবং ভারতীয় ডাকের বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে সাক্ষাৎ করেন। এই বৈঠকের সময়, রাষ্ট্রদূত ফিলিপিন্সের স্মারক ডাকটিকিট "UN@80" পেশ করেন, যা রাষ্ট্রসংঘের ৮০ বছর এবং এই সংস্থায় ফিলিপিন্সের সদস্যপদকে চিহ্নিত করে। এই আদান প্রদান ভারত ও ফিলিপিন্সের ডাক প্রশাসনগুলির মধ্যে সহযোগিতার মনোভাবকে তুলে ধরেছে, যা ডাক ক্ষেত্রে ধারাবাহিক সহযোগিতা এবং জ্ঞান বিনিময়ের পথ প্রশস্ত করেছে।



# ভারত এশিয়া-প্যাসিফিক পোস্টাল ইউনিয়নের মহাসচিব পদের জন্য তার প্রার্থীকে মনোনীত করেন

ডাক সচিব, শ্রীমতী বন্দিতা কাউল, জেনেভাতে এশিয়া-প্যাসিফিক পোস্টাল ইউনিয়নের (APPU) মহাসচিব পদে দ্বিতীয় মেয়াদের (২০২৭-৩০) জন্য ডঃ বিনয় প্রকাশ সিং-কে ভারতের প্রার্থী হিসেবে মনোনীত করেন।

ডঃ সিং এপিইউ-এর রূপান্তরকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তাঁর অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন—যার মধ্যে রয়েছে শক্তিশালী আঞ্চলিক সম্পর্ক, ডিজিটাল ও টেকসই অগ্রগতি, ক্ষমতায়নপ্রাপ্ত মানুষ, এবং একটি সহনশীল ও অন্তর্ভুক্তিমূলক ইউনিয়ন।

# জেন-জি (Gen Z) উপযোগী ডাকঘরগুলি

ভিডিওটি দেখতে এই QR কোডটি স্ক্যান করুন।




আইআইটি হাউজ খাস ডাকঘর, নতুন দিল্লি




কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, পালমপুর, হিমাচল প্রদেশ




দিল্লি বিশ্ববিদ্যালয় সাব পোস্ট অফিস, নতুন দিল্লি

শ্রীমতী বন্দিতা কাউল নতুন দিল্লির আইআইটি হাউজ খাস ডাকঘরের সংস্কার করা ভবনটি উদ্বোধন করেন। বিশেষভাবে ছাত্র-ছাত্রী সম্প্রদায়ের জন্য তৈরি করা এই উন্নত কেন্দ্রটিতে নতুন অভ্যন্তরীন সজ্জার অংশ হিসেবে উজ্জ্বল দেওয়াল চিত্র এবং সৃজনশীল উপাদান যুক্ত করা হয়েছে, যা আইআইটি দিল্লির ছাত্র-ছাত্রীদের সাথে সহ-পরিকল্পিত। এই চিন্তাশীল নকশাটি কেবল নান্দনিকতা যোগ করে না, বরং স্থানটিকে ছাত্র-ছাত্রীদের জন্য আরও আকর্ষণীয় এবং স্বাগত জানানোর উপযোগী করে তোলে। এই সংস্কার ভারতীয় ডাকের চলমান প্রচেষ্টাকে প্রতিফলিত করে—যার লক্ষ্য হল যুব-কেন্দ্রিক নকশা, আধুনিক পরিকাঠামো, বিনামূল্যে ওয়াই-ফাই (Wi-Fi), এবং কফি ও চা ভেন্ডিং মেশিন দিয়ে সজ্জিত উন্নত পরিষেবা পরিবেশের মাধ্যমে ব্যবহারকারীর অভিজ্ঞতা বাড়ানো।

আধুনিকীকরণের এই ধারা বজায় রেখে, ভারতীয় ডাক সংস্কার করা দিল্লি বিশ্ববিদ্যালয় ডাকঘর এবং হিমাচল প্রদেশের পালমপুরের কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ডাকঘরেরও উদ্বোধন করেছে। এই উদ্যোগটি ২০২৬ সালের জানুয়ারী মাসের মধ্যে শিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে ৪৬টি ডাকঘরকে উন্নত করার একটি বৃহত্তর পরিকল্পনার অংশ। এর লক্ষ্য হলো জেন-জি (Gen Z)-এর সাথে দৃঢ় সংযোগ স্থাপন এবং ক্যাম্পাস জুড়ে পরিষেবাগুলির সহজলভ্যতা বৃদ্ধি করা। এই পরিবর্তনে আধুনিক সুযোগ-সুবিধা এবং ইউজার ফ্রেন্ডলি নকশা অন্তর্ভুক্ত করা হয়েছে, যা নিশ্চিত করবে যে ডাকঘরগুলি যেন কার্যকরী, সহজলভ্য এবং ছাত্র-ছাত্রীদের জন্য বন্ধুত্বপূর্ণ স্থান হিসাবে কাজ করে।



## বন্দে মাতরম-এর ১৫০ বছর

ভারতীয় ডাক বন্দে মাতরম গীতের ১৫০ বছর পূর্তি উদযাপন করল। ডাক সচিব , শ্রীমতী বন্দিতা কল-এর নেতৃত্বে সম্মিলিতভাবে জাতীয় সঙ্গীতটি গাওয়ার মাধ্যমে এই উদযাপন হয়। ভারতের স্বাধীনতা সংগ্রামকে প্রেরণা দেওয়া এবং এখনও ঐক্য, গর্ব ও দেশপ্রেম জাগিয়ে তোলা এই চিরন্তন সঙ্গীতের প্রতি সম্মান জানাতে নতুন দিল্লির ডাক ভবনে বরিষ্ঠ আধিকারিক এবং কর্মীরা একত্রিত হয়েছিলেন।

## নেশা মুক্ত ভারত অভিযান

ডাক সচিব, বন্দিতা কল নতুন দিল্লির ডাক ভবনের আধিকারিক ও কর্মীদের সাথে 'নেশা মুক্ত ভারত অভিযান'-এর অধীনে একটি গুরুত্বপূর্ণ শপথ নিলেন, যার লক্ষ্য একটি মাদক-মুক্ত ভারত নির্মাণে অবদান রাখা। এই শপথের মাধ্যমে তাঁরা সচেতনতা ছড়ানো, পরিবর্তনকে অনুপ্রাণিত করা এবং একটি স্বাস্থ্যকর, আসক্তি-মুক্ত সমাজ নিশ্চিত করার প্রতি তাঁদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন।









## সংবিধানকে সম্মান জ্ঞাপন

সংবিধান দিবসে, ডাক সচিব, বন্দিতা কল, ডাক ভবনে আধিকারিকদের নিয়ে সংবিধানের প্রস্তাবনা পাঠের নেতৃত্ব দেন। এই অনুষ্ঠানটি ভারতীয় ডাকের সাংবিধানিক মূল্যবোধের প্রতি নিবেদনকে পুনর্ব্যক্ত করে, যা আমাদের কাজ এবং জাতির প্রতি আমাদের পরিষেবা প্রদানকে রূপ দেয়।



# আইএমএস কর্মশালা: ডাক বীমার আধুনিকীকরণ

৮ নভেম্বর ২০২৫ তারিখে চেন্নাইয়ে একটি দুই দিনের পিইউআরপিএলআই (PU-RPLI) কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালার প্রধান বিষয় ছিল সেন্টার অফ এক্সিলেন্স অফ পোস্টাল টেকনোলজি (CEPT) দ্বারা নতুন ইন্স্যুরেন্স ম্যানেজমেন্ট সলিউশন (IMS) তৈরি করা।

কর্মশালায় উপস্থিত ছিলেন শ্রী জিতেন্দ্র গুপ্ত, ডিজি (পোস্ট), সিজিএম (পিইউ), মহারাষ্ট্র এবং আসামের সিপিএমজি সহ বরিষ্ঠ আধিকারিক ও কর্মীরা। তাঁরা নতুন ব্যবস্থাটির বাস্তবায়ন এবং কার্যকারিতা জোরদার করার জন্য আলোচনা ও মতবিনিময় করেন।



# স্ট্যাম্পের মাধ্যমে ভারতীয় চলচ্চিত্রের উদযাপন, ইফি (IFFI) ২০২৫-এ









শ্রী সি. আপ্পু কুট্টিকে 'মাই স্ট্যাম্প' শিট উপহার দেওয়া



প্রবীণ অভিনেতা অনুপম খের 'মাই স্ট্যাম্প' শিট হাতে

ভারতীয় ডাকের মহারাষ্ট্র সার্কেল আইএফএফআই গোয়া ২০২৫-এ ভারতীয় চলচ্চিত্রের উপর একটি বিশেষ ডাকটিকিট প্রদর্শনীর উদ্বোধন করেছে। মহারাষ্ট্র সার্কেলের সিপিএমজি শ্রী অমিতাভ সিং এবং গোয়া অঞ্চলের ডিপিএস শ্রী রমেশ পাতিল এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। পানাজির কলা অ্যাকাডেমিতে আয়োজিত এই প্রদর্শনীতে বিভিন্ন অঞ্চলের ফিলাটেলিস্টদের অবদানে ভারতীয় চলচ্চিত্রের সমৃদ্ধ ঐতিহ্য তুলে ধরে ২০টি কিউরেটেড ফ্রেম দেখানো হয়। আইএফএফআই-এর প্রতিনিধি, ফিলাটেলিস্ট, শিল্প ও চলচ্চিত্র জগৎ এবং সাধারণ মানুষের উৎসাহী অংশগ্রহণ ছিল, যা বৈচিত্র্যময় সৃজনশীল অভিব্যক্তি উদযাপনে ইফি-এর সহযোগী মনোভাবের প্রতিফলন ঘটায়। এই উৎসব চলাকালীন, কিংবদন্তী চিত্রগ্রাহক কে. বৈকুণ্ঠকে সম্মান জানাতে একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করা হয়, যাঁর কালজয়ী অবদান ভারতীয় চলচ্চিত্রকে অনুপ্রাণিত করে চলেছে। 'মাই স্ট্যাম্প' স্টল একটি মূল আকর্ষণ হয়ে ওঠে, যেখানে ভারতীয় চলচ্চিত্র শিল্পের বিশিষ্ট ব্যক্তিরা তাঁদের নিজস্ব কাস্টমাইজড স্ট্যাম্প তৈরি করেন, যা অনুষ্ঠানের প্রাণবন্ততা ও আকর্ষণ বৃদ্ধি করে।

## আইপিপিবি (IPPB) এবং ইপিপিএফও (EPFO)-এর মধ্যে ডিজিটাল লাইফ সার্টিফিকেট পরিষেবার জন্য মউ (MoU) স্বাক্ষরিত




ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাংক (IPPB) ইমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশন (EPFO)-এর সঙ্গে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করেছে, যা ইপিএস'৯৫ (EPS'95)-এর অধীনে ইপিএফও পেনশনভোগীদের জন্য বিনামূল্যে দোরগোড়ায় ডিজিটাল লাইফ সার্টিফিকেট (DLC) পরিষেবা প্রদান করবে। ইপিএফও-এর ৭৩তম প্রতিষ্ঠা দিবসে কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান এবং যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মাণ্ডবিয়া, শ্রম ও কর্মসংস্থান সচিব কুমারী বন্দনা গুরুনানি, সিবিটি-এর সদস্যবৃন্দ এবং MoLE, EPFO ও IPPB-এর বরিষ্ঠ আধিকারিকদের উপস্থিতিতে IPPB-এর এমডি ও সিইও শ্রী আর. বিশ্বেশ্বরণ এবং EPFO-এর সিপিএফসি (CPFC) শ্রী রমেশ কৃষ্ণমূর্তি এই মউ বিনিময় করেন।



আইপিপিবি তার ১.৬৫ লক্ষ পোস্ট অফিস এবং ৩ লক্ষেরও বেশি পোস্টম্যান/গ্রামীণ ডাক সেবকদের (GDS) সুবিশাল নেটওয়ার্ক ব্যবহার করবে, যাঁরা বাড়িতে পরিষেবা দেওয়ার উপযোগী ডিভাইস সহ সজ্জিত। এটি পেনশনভোগীদের মুখ যাচাইকরণ (Face Authentication) বা আঙুলের ছাপ বায়োমেট্রিক্স ব্যবহার করে ঘর থেকেই তাঁদের ডিএলসি (DLC) জমা দেওয়ার সুবিধা দেবে। ভারতীয় ডাক সময়মতো এবং নির্ঝঞ্ঝাট জমা দেওয়া নিশ্চিত করতে পেনশনভোগীদের মধ্যে ডিএলসি পরিষেবা প্রচারে একটি দেশব্যাপী অভিযানও চালাচ্ছে, যার মাধ্যমে বাড়িতে সহায়তা প্রদান করা হচ্ছে। এই উদ্যোগটি সরকারের ডিজিটাল ইন্ডিয়া এবং 'সহজে জীবনযাপন'-এর দৃষ্টিভঙ্গিকে সমর্থন করে, যাতে প্রবীণ নাগরিকদের জন্য ঝামেলামুক্ত, মর্যাদাপূর্ণ পরিষেবা নিশ্চিত করা যায়।

# স্বাস্থ্যসেবা আরও মজবুত করতে: ভারতীয় ডাক ও এনএইচএম (NHM) ঝাড়খণ্ডের মধ্যে চুক্তি



ভারতীয় ডাকের ঝাড়খণ্ড সার্কেল নামকুম, রাঁচির এনএইচএম (NHM) কার্যালয়ে ন্যাশনাল হেলথ মিশন (NHM), ঝাড়খণ্ড সরকারের সাথে একটি রাজ্য-স্তরের সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করেছে। এই চুক্তির লক্ষ্য হল রাজ্য জুড়ে পরিবার পরিকল্পনা সামগ্রীর সময়মতো পরিবহন ও বিতরণের মাধ্যমে এনএইচএম-এর মূলমন্ত্র "সুস্থ ঝাড়খণ্ড, সুখী ঝাড়খণ্ড"-কে শক্তিশালী করা।
এছাড়াও, সার্কেলটি একটি পরিচ্ছন্ন ও সবুজ পরিবেশের প্রচারে ধারাবাহিক কার্যক্রমের আয়োজন করেছে, যার মধ্যে ছিল পরিচ্ছন্নতা অভিযান (cleanliness drives), বৃক্ষরোপণ অভিযান (plantation drives) এবং সচেতনতা প্রচার। এই উদ্যোগের মাধ্যমে ধারাবাহিক ও সম্মিলিত কাজের মাধ্যমে জাতীয় পরিচ্ছন্নতা প্রচেষ্টায় কার্যকরভাবে অবদান রাখার জন্য ভারতীয় ডাকের নিবেদন তুলে ধরা হয়েছে।




বস্তার বিভাগের ডিরেক্ট এজেন্ট শ্রী স্বপন কুমার ধর পিইউ (Postal Union) ক্ষেত্রে ১৪০ কোটি টাকার নিশ্চিত বীমা পোর্টফোলিও নিয়ে ধারাবাহিকভাবে নতুন মানদণ্ড স্থাপন করেছেন। জনগণকে সেবা করার প্রতি তাঁর অটল অঙ্গীকার এই ক্ষেত্রে অন্যদের জন্য একটি মডেল হিসেবে কাজ করে।

নতুন এই চুক্তির ফলে, ভারতীয় ডাক তাদের পার্সেল সার্ভিসের মাধ্যমে পরিবার পরিকল্পনার সব সরঞ্জাম এনএইচএম-এর সেন্টারগুলো থেকে জেলা সদর, ব্লক এবং গ্রামের স্বাস্থ্য কেন্দ্রগুলোতে পৌঁছে দেবে। এর ফলে একদম প্রত্যন্ত এলাকাগুলোতেও সময়মতো দরকারি স্বাস্থ্যসামগ্রী পৌঁছে দেওয়া অনেক সহজ হবে।




# প্রতিটি শিশুর সুন্দর ও উজ্জ্বল ভবিষ্যতের প্রতি

শিশু দিবস উপলক্ষে সারা দেশজুড়ে 'বাল চৌপাল'-এর আয়োজন করা হয়েছিল। দিনটি শিশুদের গল্প আর হাসিতে ভরে ওঠে। এই দিনটিকে আরও বিশেষ করে তুলতে দেশজুড়ে আধার কার্ড তৈরির ক্যাম্প করা হয়, যাতে শিশুরা সহজে ও নির্ঝঞ্ঝাটে তাদের প্রথম আধার কার্ডটি পেয়ে যায়।

# স্বচ্ছতা পাখওয়াড়া

স্বচ্ছতা পাখওয়াড়াপরিচ্ছন্নতা আর পরিবেশের প্রতি নিজেদের দায়িত্ব পালন করতে ভারতীয় ডাক ১৪ থেকে ৩০শে নভেম্বর ২০২৫ পর্যন্ত 'স্বচ্ছতা পাখওয়াড়া' পালন করেছে। দেশের বিভিন্ন পোস্টাল সার্কেলে স্বচ্ছতা অভিযান, গাছ লাগানো এবং সচেতনতা বাড়াতে নানা কর্মসূচি নেওয়া হয়েছিল। দেশের পরিচ্ছন্নতা অভিযানে ভারতীয় ডাক যে কতটা আন্তরিক, এই উদ্যোগেরই তা প্রমাণ দেয়।



তামিলনাড়ু




পশ্চিমবঙ্গ



রাজস্থান



দিল্লি




হরিয়ানা

# ডাক নায়করা



ভিডিওটি দেখতে এই QR কোডটি স্ক্যান করুন।

বস্তার বিভাগের ডিরেক্ট এজেন্ট শ্রী স্বপন কুমার ধর পিইউ (Postal Union) ক্ষেত্রে ১৪০ কোটি টাকার নিশ্চিত বীমা পোর্টফোলিও নিয়ে ধারাবাহিকভাবে নতুন মানদণ্ড স্থাপন করেছেন। জনগণকে সেবা করার প্রতি তাঁর অটল অঙ্গীকার এই ক্ষেত্রে অন্যদের জন্য একটি মডেল হিসেবে কাজ করে।

মধ্যপ্রদেশের মান্ডিয়া জেলার একটি আদিবাসী গ্রাম ঘুটা, গ্রামীণ ডাক সেবিকা শ্রীমতী রাগিনী রাজপুত-এর নিষ্ঠার মাধ্যমে অনুপ্রেরণামূলক পরিবর্তনের সাক্ষী হচ্ছে। তাঁর প্রতিশ্রুত পরিষেবার মাধ্যমে, তিনি গ্রামবাসীদের প্রয়োজনীয় ডাক পরিষেবাগুলির সাথে যুক্ত করছেন এবং উন্নয়নের মূল স্রোতের কাছাকাছি নিয়ে আসছেন।

ভিডিওটি দেখতে এই QR কোডটি স্ক্যান করুন।





ভিডিওটি দেখতে এই QR কোডটি স্ক্যান করুন।


ছত্তিশগড় সার্কেলের ভীমকানহার গ্রামের ব্রাঞ্চ পোস্টমাস্টার শ্রীমতী মনীষা আর্য ভারতীয় ডাকের আর্থিক পরিষেবাগুলির মাধ্যমে সম্প্রদায়কে ক্ষমতায়ন করেছেন। তাঁর নিষ্ঠা ও ধারাবাহিক প্রচেষ্টার ফলে, গ্রামের প্রায় প্রতিটি পরিবারের গড় দুজন সদস্য এখন গ্রামীণ পোস্টাল লাইফ ইন্স্যুরেন্সের (Rural Postal Life Insurance) আওতায় বীমাকৃত।

# বিশেষ সুবিধা



ভিডিওটি দেখতে এই QR কোডটি স্ক্যান করুন।

ভারতের প্রত্যন্ত কোণ থেকে শুরু করে এর আদিবাসী অঞ্চল পর্যন্ত প্রতিটি উন্নয়নের গল্প ভারতীয় ডাকের সাথে গভীরভাবে সংযুক্ত। আর্থিক অন্তর্ভুক্তি, ডিজিটাল পরিষেবা এবং সম্প্রদায়কে ক্ষমতায়নের মাধ্যমে ডাক কর্মীরা নতুন ভারতের আসল নায়ক হিসেবে আবির্ভূত হচ্ছেন। জনজাতীয় দিবসের (Janjatiya Diwas) উপলক্ষে, ভারতীয় ডাক জনসেবার প্রতি তার সংকল্পকে পুনরায় জোরদার করেছে, আদিবাসী অঞ্চল জুড়ে জীবনযাত্রার রূপান্তর ঘটাচ্ছে।




ভিডিওটি দেখতে এই QR কোডটি স্ক্যান করুন।

পোস্টাল ট্রেনিং সেন্টার (পিটিসি) মহীশূর ভারতীয় ডাকের চিরস্থায়ী উত্তরাধিকার এবং দূরদর্শী চিন্তাভাবনার একটি প্রমাণ। নেতৃত্ব, অন্তর্ভুক্তি এবং জনসেবার উপর দৃঢ় জোর দিয়ে, পিটিসি মহীশূর নিবেদিত ডাক পেশাদারদের তৈরি করে চলেছে, যাঁরা শ্রেষ্ঠত্ব, সততা এবং প্রতিশ্রুতির সাথে জাতির সেবা করেন।

# ফিলাটেলি কর্নার: স্ট্যাম্প এবং গল্প






'বন্দে মাতরম'-এর ১৫০ বছর পূর্তির ঐতিহাসিক অনুষ্ঠানে, মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এই কালজয়ী জাতীয় সঙ্গীতের সম্মানে একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করেন। অনুষ্ঠানটি এই গানের সাংস্কৃতিক, ঐতিহাসিক ও আবেগিক ঐতিহ্যকেও উদযাপন করে, যা ভারতের পরিচয়ে এর অবদান এবং আত্মবিশ্বাস ও সম্মিলিত উদ্দেশ্যের সাথে দেশের আকাঙ্ক্ষাগুলিকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে এর স্থায়ী প্রাসঙ্গিকতাকে তুলে ধরে।






মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী পুট্টাপর্থিতে শ্রী সত্য সাই বাবার জন্ম শতবার্ষিকী উপলক্ষে চারটি স্মারক স্ট্যাম্পের একটি মিনিয়েচার শিট প্রকাশ করেন। অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী শ্রী এন. চন্দ্রবাবু নাইডু, শ্রী শচীন তেন্ডুলকার, শ্রীমতী ঐশ্বর্য রাই বচ্চন, শ্রী আর. জে. রত্নাকর এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে এই প্রকাশনা অনুষ্ঠিত হয়, যা বাবার ঐতিহ্য এবং শ্রী সত্য সাই সেন্ট্রাল ট্রাস্টের দ্বারা নির্মিত প্রতিষ্ঠানগুলিকে তুলে ধরে।






মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী শ্রী গুরু তেগ বাহাদুর জির ৩৫০তম শহীদি দিবস উপলক্ষে একটি বিশেষ স্মারক ডাকটিকিট প্রকাশ করেন। এই ডাকটিকিট ধর্মীয় স্বাধীনতার পক্ষে দাঁড়ানো এবং মানবতার মর্যাদা রক্ষায় জীবন উৎসর্গকারী শ্রদ্ধেয় নবম শিখ গুরুর অতুলনীয় আত্মত্যাগ, আধ্যাত্মিক সাহস এবং কালজয়ী ঐতিহ্যকে সম্মান জানায়।






উত্তর প্রদেশের মাননীয় রাজ্যপাল শ্রীমতী আনন্দীবেন প্যাটেল লখনউ-এর ডিফেন্স এক্সপো গ্রাউন্ডে ১৯তম ন্যাশনাল জাম্বোরির উদ্বোধনের সময় ভারত স্কাউটস অ্যান্ড গাইডস-এর হীরক জয়ন্তী উপলক্ষে একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করেন। লখনউ-এর মেয়র শ্রীমতী সুষমা খারকওয়াল, ইউপি সার্কেলের চিফ পোস্টমাস্টার জেনারেল শ্রী প্রণব কুমার এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।






মহারাষ্ট্র ও গুজরাটের মাননীয় রাজ্যপাল শ্রী আচার্য দেবব্রত রাজভবনে আচার্য জওহর লাল মহারাজের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষে একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করেন। পাঞ্জাবের রাজ্যপাল শ্রী গুলাবচন্দ কাটারিয়া, মহারাষ্ট্রের ক্যাবিনেট মন্ত্রী শ্রী মঙ্গল প্রভাত লোধা, মহারাষ্ট্র সার্কেলের সিপিএমজি শ্রী অমিতাভ সিং এবং জাস্কারান বোথরা ফাউন্ডেশনের ট্রাস্টি শ্রী সিদ্ধার্থ বোথরা-এর উপস্থিতিতে এই প্রকাশনাটি আচার্যের স্থায়ী ঐতিহ্যের প্রতি আন্তরিক শ্রদ্ধা নিবেদন করে।



আইআইটি খড়গপুরের প্ল্যাটিনাম জয়ন্তী উপলক্ষে একটি স্মারক ডাকটিকিট ২৪ নভেম্বর ২০২৫ তারিখে শ্রী অশোক কুমার, চিফ পোস্টমাস্টার জেনারেল, পশ্চিমবঙ্গ সার্কেল, শ্রীনিকেতন, পশ্চিমবঙ্গে প্রকাশ করেন। আইআইটি খড়গপুরের ডিরেক্টর ডঃ সুমন চক্রবর্তী, মার্কিন কনস্যুলেট কলকাতার মাননীয় কনসাল জেনারেল মিসেস ক্যাথি জাইলস-ডিয়াজ এবং অন্যান্য বিশিষ্ট অতিথি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।





মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী শ্রী সংস্থা গোকর্ণ পারতাগালি জীবোত্তম মঠের সার্ধ পঞ্চশতমণোৎসব (৫৫০ বছর) উপলক্ষে একটি কাস্টমাইজড 'মাই স্ট্যাম্প' প্রকাশ করেন। গোয়ার মাননীয় রাজ্যপাল, মহারাষ্ট্র সার্কেলের চিফ পোস্টমাস্টার জেনারেল শ্রী অমিতাভ সিং এবং গোয়া পোস্টাল সার্কেলের বরিষ্ঠ আধিকারিকদের উপস্থিতিতে এই প্রকাশনা অনুষ্ঠিত হয়।











পরিষ্কার শক্তি দিয়ে ভারতকে ক্ষমতায়নের ৫০ বছর পূর্তি উপলক্ষে এনএইচপিসি লিমিটেড একটি মাইলফলক চিহ্নিত করেছে। এই মাইলফলক স্মরণীয় করে রাখতে ফরিদাবাদে মাননীয় কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী শ্রী মনোহর লাল খট্টর, এনএইচপিসি-এর সিএমডি (CMD) শ্রী ভূপেন্দ্র গুপ্ত এবং হরিয়ানা সার্কেলের সিপিএমজি শ্রী শচীন কিশোর-এর উপস্থিতিতে একটি কাস্টমাইজড 'মাই স্ট্যাম্প' উন্মোচিত হয়।






ইন্টিগ্রেটেড চাইল্ড ডেভেলপমেন্ট স্কিম (ICDS) তার ৫০তম বার্ষিকী উদযাপন করেছে। ত্রিপুরবাসিনী প্যালেস গ্রাউন্ডসে অনুষ্ঠিত আইসিডিএস গোল্ডেন জুবিলি উদযাপনে কর্ণাটকের মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী সিদ্দারামাইয়ার উপস্থিতিতে বিশেষ কর্পোরেট 'মাই স্ট্যাম্প' আনুষ্ঠানিকভাবে প্রকাশিত হয়।



নয়াদিল্লিতে মাননীয় প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিং, ডিরেক্টর জেনারেল (পোস্টাল সার্ভিসেস) শ্রী জিতেন্দ্র গুপ্ত এবং অভিনেতা ফারহান আখতার লাদাখের আহির ধামে রেজাং লা ওয়ার মেমোরিয়ালের উপর একটি কাস্টমাইজড 'মাই স্ট্যাম্প' প্রকাশ করেন। এই স্ট্যাম্পটি ভারতীয় সেনাবাহিনীর ১৩তম কুমাওন রেজিমেন্টের বীরত্বকে সম্মান জানায়, যাঁরা ১৯৬২ সালের ইন্দো-চীন সংঘর্ষের সময় দেশকে রক্ষা করতে জীবন উৎসর্গ করেছিলেন।








মহারাষ্ট্র ও গুজরাটের মাননীয় রাজ্যপাল শ্রী আচার্য দেওব্রত জি নিসর্গ গ্রাম, ইয়েওলেওয়াদিতে ৮ম প্রকৃতি চিকিৎসা দিবসে পুনের ন্যাশনাল ইনস্টিটিউট অফ ন্যাচারোপ্যাথি-এর উপর একটি কাস্টমাইজড 'মাই স্ট্যাম্প' প্রকাশ করেন।






ভারতের শীর্ষস্থানীয় ক্রেডিট তথ্য সংস্থা ট্রান্সইউনিয়ন সিআইবিআইএল-এর ২৫ বছর পূর্তি উদযাপনের জন্য ভারতীয় ডাক একটি কাস্টমাইজড 'মাই স্ট্যাম্প' প্রকাশ করেছে। মুম্বাইয়ে একটি অনুষ্ঠানে কাস্টমাইজড 'মাই স্ট্যাম্প' উন্মোচিত হয়, যেখানে পোস্টমাস্টার জেনারেল, নভি মুম্বাই অঞ্চলের শ্রীমতী সুচিতা যোশী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।





রোমাঞ্চকর ন্যাশনাল সুপারক্রস বাইক রেসিং চ্যাম্পিয়নশিপে, ছত্তিশগড় পোস্টাল সার্কেল এই উপলক্ষে একটি স্পেশাল ক্যানসেলেশন-সহ একটি পিকচার পোস্ট কার্ড প্রকাশ করে। ডিরেক্টর পোস্টাল সার্ভিসেস আনুষ্ঠানিকভাবে বাইকারদের কাছে পোস্ট কার্ডগুলি হস্তান্তর করেন, যারা গর্বের সাথে তাদের রাইডের সময় সেগুলি বহন করেন, যা ইভেন্টে একটি অনন্য এবং স্মরণীয় ছোঁয়া যোগ করে। এই অনুষ্ঠানে জনপ্রিয় ছত্তিশগড়ি অভিনেতা ও বিধায়ক শ্রী অনুজ শর্মা এবং ছত্তিশগড় মোটর স্পোর্টস অ্যাসোসিয়েশনের সভাপতি শ্রী উজ্জ্বল দীপক-এর বিশেষ উপস্থিতি ছিল।






জনজাতীয় গৌরব দিবস ২০২৫ উপলক্ষে তেলঙ্গানা সার্কেল তেলঙ্গানার উপজাতি নৃত্যকলার উপর একটি বিশেষ কভার প্রকাশ করে। অনুষ্ঠানে এসটি (STs)-এর জন্য জাতীয় কমিশনের মাননীয় সদস্য শ্রী জাতোথু হুসেন নায়ক, পোস্টাল সার্ভিসেস বোর্ডের সদস্য (FS) শ্রীমতী মণীষা সিনহা, সিপিএমজি (তেলঙ্গানা সার্কেল) ডঃ বীণা কুমারী এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



সংবিধান দিবসের স্মরণে মুম্বাইয়ের সার্কেল অফিসে মহারাষ্ট্র সার্কেলের ডিরেক্টর পোস্টাল সার্ভিসেস (হেড কোয়ার্টার) শ্রীমতী সিমরান কর আমাদের সংবিধানের মূল্যবোধ ও নির্দেশক নীতিগুলির প্রতি শ্রদ্ধা জানাতে একটি স্পেশাল ক্যানসেলেশন উন্মোচন করেন।




ভারতীয় ডাকের মহারাষ্ট্র সার্কেল শ্রীমতী হর্ষলা সাওয়ান্তের তৈরি অনন্য ওয়ারলি-শৈলীর চিত্র সমন্বিত একটি স্পেশাল ক্যানসেলেশন ছয়টি ফিলাটেলিক ব্যুরো জুড়ে প্রকাশ করে—যা ভারতের আদিবাসী সম্প্রদায়ের সংস্কৃতি, জীবন এবং ঐতিহ্যকে উদযাপন করে।






আইসিসি মহিলা ক্রিকেট বিশ্বকাপ ২০২৫ জেতার মাধ্যমে ভারতীয় মহিলা ক্রিকেট দলের গর্বিত ও ঐতিহাসিক অর্জনকে সম্মান জানাতে, মহারাষ্ট্র ও গোয়া সার্কেলের ডিপিএস (হেড কোয়ার্টার) শ্রীমতী সিমরন কর মুম্বাইয়ে ডঃ সুধীর জাখেরে, এপিএমজি (বিডি) এবং শ্রী যাদাগিরি ন্যায়লাপেল্লি, এডিপিএস (পিএসআর)-এর উপস্থিতিতে একটি স্পেশাল ক্যানসেলেশন প্রকাশ করেন। এই স্পেশাল ক্যানসেলেশনটি ভারতীয় মহিলা ক্রিকেটের স্পিরিটকে সুন্দরভাবে তুলে ধরে এবং খেলাধুলা ও ফিলাটেলি উভয়ের ক্ষেত্রেই একটি স্মরণীয় মাইলফলক চিহ্নিত করে।




ছত্তিশগড় পোস্টাল সার্কেল ভারতের মহিলা বিশ্বকাপ চ্যাম্পিয়নদের সম্মান জানাতে গর্বের সাথে একটি বিশেষ স্মারক ক্যাশে (Special Commemorative Cachet) উন্মোচন করে। এই উদ্যোগটি দলের অসাধারণ অর্জন এবং জাতির সম্মিলিত গর্বকে উদযাপন করে।

# হাইলাইট্স



ডাক বিভাগের বার্ষিক সক্ষমতা নির্মাণ পরিকল্পনার (ACBP) অংশ হিসেবে, রফি আহমেদ কিদওয়াই ন্যাশনাল পোস্টাল অ্যাকাডেমি (RAKNPA) আইআইএম নাগপুরে বিভিন্ন ক্যাডারের আধিকারিকদের জন্য "পরিসংখ্যান ও ডেটা অ্যানালিটিক্স" (Statistics and Data Analytics)-এর উপর দুটি আবাসিক প্রশিক্ষণ কর্মসূচি সফলভাবে পরিচালনা করেছে।

"পোস্টাল ই-কমার্স এবং ডিজিটাল পরিষেবা" বিষয়ক আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মসুচির অংশগ্রহণকারীরা ই-কমার্স লজিস্টিকস এবং ডিজিটাল পরিষেবা প্রদানে সহায়তাকারী ভারতীয় ডাকের প্রযুক্তিগত পরিকাঠামো বোঝার জন্য নতুন দিল্লির অটোমেটেড মেল প্রসেসিং সেন্টার (AMPC) পরিদর্শন করেন। এই পরিদর্শন দ্রুত পরিবর্তনশীল ডিজিটাল এবং ই-কমার্স ইকোসিস্টেমে ভারতীয় ডাকের ভূমিকাকে শক্তিশালী করে এমন অটোমেশন, দক্ষতা এবং নতুনত্বের বিষয়ে মূল্যবান অন্তর্দৃষ্টি সরবরাহ করে।






বিশাখাপত্তনমে ভারতীয় ডাকের ৪০তম সর্বভারতীয় পোস্টাল টেবিল টেনিস টুর্নামেন্টের উদ্বোধন করেন অন্ধ্রপ্রদেশ সার্কেলের চিফ পোস্টমাস্টার জেনারেল শ্রীমতী বি. পি. শ্রীদেবী। এই উপলক্ষে টুর্নামেন্টের ৪০তম সংস্করণকে স্মরণ করে একটি বিশেষ কভারও প্রকাশ করা হয়, যা ভারতীয় ডাক ভ্রাতৃত্বের মধ্যে খেলাধুলার চেতনাকে উদযাপন করে। টুর্নামেন্টটি ১৪ নভেম্বর ২০২৫ তারিখে শেষ হয়, যেখানে পশ্চিমবঙ্গ সার্কেল পুরুষ ও মহিলা একক উভয় ক্ষেত্রেই স্বর্ণপদক লাভ করে এবং মহিলা দল চ্যাম্পিয়নশিপও জেতে, অন্যদিকে পুরুষ দল চ্যাম্পিয়নশিপ তেলেঙ্গানা সার্কেল এবং মিশ্র দ্বৈত চ্যাম্পিয়নশিপ গুজরাট সার্কেল নিশ্চিত করে।












গুজরাটের পোরবন্দরে ৩৬তম সর্বভারতীয় পোস্টাল অ্যাথলেটিক্স ও সাইক্লিং টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। এখানে ১২টি পোস্টাল সার্কেল থেকে ১৬৩ জন প্রতিযোগী উপস্থিত ছিলেন এবং তাঁরা ২২টি পুরুষের ইভেন্ট এবং ১৪টি মহিলাদের ইভেন্টে দারুণ উৎসাহের সাথে প্রতিদ্বন্দ্বিতা করেন। ২০২৫-২৬ সালের সংস্করণটি ৩ নভেম্বর ২০২৫ তারিখে একটি জমকালো সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে শেষ হয়, যেখানে ক্রীড়াবিদদের নিষ্ঠা, কঠোর পরিশ্রম এবং অনুকরণীয় ক্রীড়ানৈপুণ্যকে সম্মান জানাতে পদক ও পুরস্কার প্রদান করা হয়।









তামিলনাড়ু সার্কেলের রানি পেট এইচও (HO) কর্তৃক রামকৃষ্ণ ভেল ম্যাট্রিক এইচআর. সেকেন্ডারি স্কুলে "আধাই অক্ষর" চিঠি লেখা প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে চিঠি লেখার শিল্পকে উদযাপন করা হয়, যেখানে ছাত্র-ছাত্রীদের উৎসাহী অংশগ্রহণ এবং লেখালেখির প্রতিভার চিত্তাকর্ষক প্রদর্শন ছিল।






যাত্রীদের জন্য লাস্ট-মাইল কানেক্টিভিটি জোরদার করতে ২১.১১.২০২৫ তারিখে মহারাষ্ট্রের সিএসএমটি অ্যাকুয়া লাইন মেট্রো স্টেশনে একটি নতুন সার্ভিস ডেস্ক (এক্সটেনশন কাউন্টার) এবং একটি থিমেটিক আর্ট ইনস্টলেশন উদ্বোধন করা হয়।



তেলেঙ্গানার জামা-ই-ওসমানিয়া পোস্ট অফিস পরিদর্শনে যায় নচরামের বাচপান স্কুলের ছাত্র-ছাত্রীরা, যেখানে তারা পোস্টাল সিস্টেম সম্পর্কে একটি আকর্ষণীয় এবং শিক্ষামূলক ভ্রমণ উপভোগ করে। তাদের পরিদর্শনের একটি গুরুত্বপূর্ণ অংশ ছিল মাননীয় প্রধানমন্ত্রীর কাছে হাতে লেখা পোস্টকার্ড মেইল করা, যা তাদের শিক্ষা এবং নাগরিক সচেতনতার মিশ্রণে একটি স্মরণীয় হাতে-কলমে অভিজ্ঞতা প্রদান করে।





৪ থেকে ৫ নভেম্বর, ২০২৫ পর্যন্ত কর্ণাটক পোস্টাল সার্কেল BENGALURUPEX-এর আয়োজন করে, যা দর্শকদের ফিলাটেলির জগতের মধ্য দিয়ে একটি প্রাণবন্ত এবং আকর্ষণীয় ভ্রমণের সুযোগ করে দেয়। প্রদর্শনীতে স্ট্যাম্পের একটি চিত্তাকর্ষক সংগ্রহ তুলে ধরা হয়, যা খামের বাইরেও অনেক গল্প বহন করে, যা সংগ্রাহক, উৎসাহী এবং সাধারণ মানুষকে মুগ্ধ করে।




GOAPEX 2025, একটি জেলা স্তরের ফিলাটেলিক প্রদর্শনী, পানাজিতে উদ্বোধন করা হয়, যা গোয়ার সমৃদ্ধ সংস্কৃতি, ঐতিহ্য এবং ফিলাটেলির স্থায়ী ঐতিহ্যকে তুলে ধরে। এই প্রদর্শনী ডাকটিকিটের মাধ্যমে প্রতিফলিত শিল্প ও ইতিহাস উদযাপন করতে সংগ্রাহক, উৎসাহী এবং সাধারণ মানুষকে একত্রিত করে। এই ইভেন্ট চলাকালীন, বিশেষ কভার, জিআই-থিমযুক্ত পিকচার পোস্টকার্ড এবং পিক্টোরিয়াল বাতিলকরণ (pictorial cancellations) প্রকাশ করা হয়, যার প্রতিটি গোয়ার সাংস্কৃতিক ও ভৌগোলিক পরিচয়ের স্বতন্ত্র দিকগুলিকে তুলে ধরে।

MAPPEX-2025 দর্শকদের স্ট্যাম্পের জগতের মাধ্যমে ভারতের বিজ্ঞান, সংস্কৃতি এবং ঐতিহ্যের একটি প্রাণবন্ত ঝলক দেখায়। দ্বিতীয় দিনে, স্কুল ছাত্র-ছাত্রীরা উৎসাহের সাথে অংশগ্রহণ করে এবং ডিরেক্টর পোস্টাল সার্ভিসেস শ্রী পবন কুমার ডালমিয়াকে পোস্টকার্ড উপহার দেয়। প্রদর্শনীটি সমবায়, ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী শ্রী বিশ্বাস কৈলাশ সারেং, মধ্যপ্রদেশ সার্কেলের সিপিএমজি (CPMG) শ্রী বিনীত মাথুর, জেনারেল ম্যানেজার (ফিনান্স) শ্রী শাহ নওয়াজ আলম এবং ডিপিএস (হেড কোয়ার্টার) শ্রী পবন কুমার ডালমিয়ার উপস্থিতিতে শেষ হয়। ইভেন্ট চলাকালীন, টেগোর ইন্টারন্যাশনাল লিটারেচার অ্যান্ড আর্ট ফেস্টিভালের উপর একটি বিশেষ কভার এবং চারটি ঐতিহ্য-থিমযুক্ত পিকচার পোস্টকার্ড প্রকাশ করা হয়।








ভিডিওটি দেখতে এই QR কোডটি স্ক্যান করুন।




নতুন দিল্লির প্রগতি ময়দানে আইআইটিএফ ২০২৫ (IITF 2025)-এ ভারতীয় ডাকের প্যাভিলিয়ন ১৪.১১.২০২৫ তারিখে কর্নেল অখিলেশ কুমার পান্ডে, সিপিএমজি, দিল্লি সার্কেল কর্তৃক উদ্বোধন করা হয়। প্যাভিলিয়নটি পিওএসবি (POSB), আইপিপিবি (IPPB), পিএলআই (PLI), ডিএলসি (DLC), ফিলাটেলি, আধার, স্পিড পোস্ট, পার্সেল এবং 'মাই স্ট্যাম্প' সহ ভারতীয় ডাকের বিস্তৃত পরিষেবা সরবরাহ করে।

सत्यमेव जयते
भारत सरकार

भारतीय डाक
डाक सेवा-जन सेवा

India Post
Dak Sewa-Jan Sewa

আমাদের অনুসরণ করুন www.indiapost.gov.in